



কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগ।

নথি নম্বর-৫৩.১৭.০০০০.১২০.২৩.০০১.১৮.৩৯৩


তারিখ : ০৯.০৯.২০১৯

অভিনন্দনপত্র।

“বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ পরিবহন কর্তৃপক্ষ কর্মচারী অবসর ভাতা তহবিল” শিরোনামে গত ০৩.০৫.২০১৮ তারিখে কর্মসংস্থান ব্যাংক প্রধান শাখা, ঢাকায় খোলা ২,০০,০০,০০০.০০ (দুই কোটি) টাকার কর্মসংস্থান ব্যাংক টার্ম ডিপোজিট স্কিম হিসাবটি জনাব এ কে এম কামরুজ্জামান (সাভত সূচক নং ০১৫৪) বোর্ড সচিব (সহকারী মহাব্যবস্থাপক), বোর্ড সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ব্যক্তিগত প্রচেষ্টায় ০৩.০৫.২০১৯ তারিখে মেয়াদপূর্তির তারিখ হতে পরবর্তী ০১ (এক) বছর মেয়াদে শতকরা বার্ষিক ৭.০০% সুদ হারে নবায়ন করা হয়েছে।

ব্যাংকের তহবিল ব্যবস্থাপনায় এ অবদানের জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষ হতে আপনাকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। আপনার এ অর্জন ব্যাংকের অন্যান্য কর্মকর্তা/কর্মচারীর জন্য অনুকরণীয় হবে বলে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ মনে করে।

ব্যাংকের সার্বিক উন্নয়ন ও সুনাম বৃদ্ধিতে আপনার এ ধরনের প্রচেষ্টা অব্যাহত থাকবে বলে আমরা আশা করি।


(কাজী ছানাউল হক)
ব্যবস্থাপনা পরিচালক

জনাব এ কে এম কামরুজ্জামান (সাভত সূচক নং-০১৫৪)
বোর্ড সচিব (সহকারী মহাব্যবস্থাপক)
বোর্ড সচিবালয়
কর্মসংস্থান ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

অনুলিপি প্রেরণ করা হলো :

১. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
২. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক এর দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৩. সকল উপ-মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (উপ-মহাব্যবস্থাপক, আইটি বিভাগকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের পরামর্শ দেয়া হলো);
৪. অফিস নথি/ব্যক্তিগত নথি/এমআইএস